

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
সরকারি পরিবহণপুল ভবন  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

পত্র সংখ্যা:- মু.বি.ম./প্রশা-২/বিবিধ-৮/২০০৮/১৫৭৭

তারিখ: ১৯ অগ্রহায়ণ, ১৪১৫  
৩ নভেম্বর, ২০০৮

বিষয়: দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সকল মুক্তিযোদ্ধার সন্তানদের ভর্তির জন্য ন্যূনতম ৫% কোটা সংরক্ষণ ও বিনা বেতনে লেখাপড়ার সুযোগ প্রদান।

সূত্র: এ মন্ত্রণালয়ের পত্র সংখ্যা- মু.বি.ম./প্রশা-২/বিবিধ-৮/২০০৮/১৪৪৯, তারিখ- ১৩-০৭-২০০৮ ইং

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ বিবেচনায় নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছিল:

(ক) সকল শ্রেণীর মুক্তিযোদ্ধা সন্তানদের দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ব্যাপারে ন্যূনতম যোগ্যতা থাকার শর্তে ৫% কোটা সংরক্ষণ;

(খ) যুদ্ধাহত ও শহিদ মুক্তিযোদ্ধা এবং অস্বচ্ছল মুক্তিযোদ্ধা সন্তানদের বিনা বেতনে লেখাপড়ার সুযোগ প্রদান।

০২। এ ব্যাপারে গৃহিত কার্যক্রম অদ্যাবধি জানা যায়নি বিধায় প্রেরিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পুনঃ অনুরোধ করা হলো।

১৯/১১/০৮  
০৮/১১/০৮-  
(জেসমীন আক্তার)  
উপ-সচিব  
টেলিফোন : ৯৫৫০৪১৯

সচিব  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।